যুগান্তর

তারিখ 10 JAN 2008
পৃষ্ঠা 2 কলাম

46 Repeat

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ই-লাইব্রেরি স্থাপন করা হবে

## ——ইউজিসি চেয়ারম্যান

'পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ই-লাইব্রেরি' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে ই- লাইব্রেরি গঠনে ইউজিসিকে মুখ্য ভূমিকা পালন করতে হবে। বুধবার ইউজিসি আডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে বক্তারা একথা বলেন। সেমিনারে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম বলেন, বর্তমানে ইউজিসি ই-লাইব্রেরি বিষয়ে কার্যক্রম গ্রহণ করেছে। মৌলিক ও অনবদ্য গবেষণা কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য বিশ্বব্যাংকের কাছ থেকে আর্থিক সহযোগিতা পাওয়ার চেষ্টা চলছে। যার মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলোতে ই-লাইব্রেরি স্থাপন করা যাবে। তিনি দেশের সব উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তি দ্বারা বিকশিত করা এবং লাইব্রেরি পেশাজীবীদের যুগোপযুগী প্রশিক্ষণ প্রদানের ওপর জোর দেন।